গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষি সমৃদ্ধি

শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ এবং মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও আওতাধীন দপ্তরের সার্বিক প্রস্তুতি সভার কার্যবিবরণী:

| | | | |
|---|---|---|---|
| ১। | সভাপতি | : | কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| ২। | সভার তারিখ | : | ২০/১১/২০২৩, বেলা ০১.০০ ঘটিকা |
| ৩। | স্থান | : | মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষ |

৪। সভার উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক

৫। আলোচনা ও সিদ্ধান্ত

৫.১ সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ত্রিশ লক্ষ শহীদ, দুই লক্ষ মা-বোন যাঁদের ত্যাগের বিনিময়ে আমরা স্বাধীনতা পেয়েছি এবং শহীদ বুদ্ধিজীবীদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ এবং মহান বিজয় দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্তের উপর আলোচনার সূত্রপাত করেন।

৫.২ বিস্তারিত আলোচনার পর ১৪ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার শহীদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬ ডিসেম্বর ২০২৩ শনিবার মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে স্বাস্থ্যবিধি মেনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সমগ্র বাংলাদেশে অবস্থিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তরসহ অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমুহে পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র/নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | শহীদ বুদ্ধিজীবী দিবস ১৪ ডিসেম্বর ২০২৩ উপলক্ষ্যে শহীদ বুদ্ধিজীবী স্মৃধিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ১৪ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার সকাল ৭.০০ ঘটিকার মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তর, খামারবাড়ি চত্বরে সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত হয়ে সকাল ৭.১৫ ঘটিকায় ডিএই চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর মূর্যালে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হবে। সকাল ৭.৩০ ঘটিকায় শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ, মিরপুর, ঢাকার উদ্দেশ্যে যাত্রা এবং ৮.০০ ঘটিকার মধ্যে উপস্থিত হয়ে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহীদ বুদ্ধিজীবীদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন। | পরিচালক, সকল উইং। |
| ২ | মহান বিজয় দিবস উপলক্ষ্যে খামারবাড়ির ভবনে আলোক সজ্জা | মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোকসজ্জা যা ১৫ ডিসেম্বর ২০২৩ শুক্রবার সন্ধ্যা ৫.০০ ঘটিকা হতে রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত ও ১৬ ডিসেম্বর, ২০২৩ শনিবার সন্ধ্যা ৫.০০ ঘটিকা হতে রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত খামারবাড়ির ভবনগুলোতে প্রজ্জ্বলিত থাকবে। | উপপরিচালক (প্রশাসন), প্রশাসন ও অর্থ উইং |
| ৩ | মহান বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন | মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২৩ শনিবার ভোরে সূর্যোদয়ের সাথে সাথে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তর, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, এটিআই, হর্টিকালচার সেন্টার ও উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রসহ জেলা, উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে। জাতীয় পতাকা যেন সঠিক মাপের হয়, ছেড়া বা বিবর্ণ না থাকে এবং যথা নিয়মে যেন উত্তোলন এবং সূর্যাস্তের পূর্ব মুহূর্তে নামানো হয় সে বিষয়ে গুরুত্ব দিতে হবে। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, সরেজমিন উইং, হর্টিকালচার উইং, প্রশিক্ষণ উইং ও উদ্ভিদ সংগনিরোধ উইং। |

| | | | |
|---|---|---|---|
| ৪ | মহান বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২৩ শনিবার সকাল ৭.১৫ ঘটিকায় ডিএই চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর মূর‍্যালে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হবে। অতঃপর সকাল ৭.৩০ ঘটিকায় জাতীয় স্মৃতিসৌধের উদ্দেশ্যে যাত্রা। সকাল ৮.৩০ ঘটিকার মধ্যে জাতীয় স্মৃতিসৌধে উপস্থিত হয়ে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন। | পরিচালক, সকল উইং। |
| ৫ | মহান বিজয় দিবস উপলক্ষ্যে দোয়া মাহফিল ও আলোচনা অনুষ্ঠান। | কৃষি ল্যাবরেটরি জামে মসজিদে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদের রূহের মাগফেরাত ও দেশের সমৃদ্ধি কামনা করে ঐ দিন বাদ যোহর দোয়া মাহফিল স্বাস্থ্যবিধি মেনে আয়োজন করা হবে। এছাড়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনে এটিআই, হর্টিকালচার সেন্টার সমূহে যে সকল প্রতিষ্ঠানে ধর্মীয় উপাসনালয় আছে সেখানে বাদ যোহর দোয়া মাহফিল, স্বাস্থ্যবিধি মেনে আয়োজন করা হবে। সেই সাথে অন্যান্য ধর্মাবলম্বীরা সুবিধামত সময়ে নিজ নিজ উপাসনালয়ে প্রার্থনার আয়োজন করবেন। | উপপরিচালক, ডিএই, ঢাকা। পরিচালক, সরেজমিন উইং, হর্টিকালচার উইং, প্রশিক্ষণ উইং ও উদ্ভিদ সংগনিরোধ উইং |
| ৬ | 'বঙ্গবন্ধুর স্বপ্নের কৃষি' বিষয়ক ডকুমেন্টারি প্রচার | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল কার্যালয়ের ওয়েবসাইটে, কিয়স্ক ও অন্যান্য কৃষি বিষয়ক ডিজিটাল প্ল্যাটফর্মে 'বঙ্গবন্ধুর স্বপ্নের কৃষি' বিষয়ক ডকুমেন্টারি প্রচার করা হবে। ডিএই এবং কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ইতোমধ্যে ভিডিওটি প্রদর্শণ করা হচ্ছে। এ লক্ষ্যে সকল দপ্তরকে পত্র দেয়া হবে। এছাড়াও ডিএই চত্বরে ড্রপ ডাউন ব্যানার প্রদর্শনসহ অন্যান্য প্রচারণা করা হবে। | পরিচালক, সরেজমিন উইং, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, প্রকল্প পরিচালক, কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, ডিএই, ঢাকা। |
| ৭ | কর্মস্থলে উপস্থিত ও জাতীয় দিবসের বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিতকরণ। | শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ১৪ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার ও ১৬ ডিসেম্বর ২০২৩ শনিবার মহান বিজয় দিবস উপলক্ষ্যে সরকারি ছুটি হওয়া সত্ত্বেও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল অফিসে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণের কর্মস্থলে উপস্থিতি এবং অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় মহান বিজয় দিবস উপলক্ষ্যে স্থানীয়ভাবে গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে যথাযথভাবে পালন নিশ্চিত করার জন্য পত্র দেওয়া হবে। | পরিচালক (সকল উইং), ডিএই, খামারবাড়ি, ঢাকা। |
| ৮ | শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উপলক্ষ্যে উপ-কমিটি গঠন। | শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ ও মহান বিজয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করা হলো:<br>পরিচালক, প্রশাসন ও অর্থ উইং,-------- ---------------সভাপতি<br>পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, -------- -------------সদস্য<br>পরিচালক, হর্টিকালচার উইং, -----------------------------সদস্য<br>পরিচালক, সরেজমিন উইং, ------------------------------সদস্য<br>পরিচালক, প্রশিক্ষণ উইং, --------------------------------সদস্য<br>পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, -------------------------সদস্য<br>পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং,--সদস্য<br>পরিচালক, ক্রপস উইং, ---------------- ----------------সদস্য<br>পরিচালক, কৃষি তথ্য সার্ভিস -----------------------------সদস্য<br>সভাপতি, বিসিএস (কৃষি) ক্যাডার এসোসিয়েশন-----------সদস্য<br>মহাসচিব, বিসিএস (কৃষি) ক্যাডার এসোসিয়েশন----------সদস্য<br>সহকারি পরিচালক (অর্থ), প্রশাসন ও অর্থ উইং------------সদস্য<br>উপপরিচালক (প্রশাসন), প্রশাসন ও অর্থ উইং -------সদস্য সচিব | |

৬. সভার সভাপতি শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ এবং মহান বিজয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসুচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান।

৭. সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
(বাদল চন্দ্র বিশ্বাস)
মহাপরিচালক

স্মারক নং-১২.০১.০০০০.৩৮.২৩.০০১.২০২২/২৩৮৬/১ তারিখ:২০/১১/২০২৩ খ্রি.।

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। পরিচালক, ---------------------------------উইং (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, --------------------------- অঞ্চল, ---------------------------------- (সকল)
৫। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ------------------------------------------------------------- (সকল)
৬। সভাপতি/মহাসচিব, বিসিএস (কৃষি) ক্যাডার এসোসিয়েশন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭। উপপরিচালক (প্রশাসন/পার্সোনেল/লিসাসা), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
৯। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----------------------------------------------------------- (সকল)
১০। প্রকল্প পরিচালক, ------------------------------------------------------------------------------------ (সকল)
১১। উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, ------------------------------------------------------- (সকল)
১২। উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, ------------------------------------------------------ (সকল)
১৩। অতিরিক্ত উপপরিচালক(প্রশাসন-১ ও প্রশাসন-২/পার্সোনেল/লিসাসা). প্রশাসন ও অর্থ উইং,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
১৪। অতিরিক্ত উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, ------------------------------------------------------ (সকল)
১৫। উপজেলা কৃষি অফিসার /মেট্রোপলিটন কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -------------------------------- (সকল)
১৬। উদ্যানতত্ত্ববিদ, হর্টিকালচার সেন্টার, ---------------------------------------------------------- (সকল)
১৭। সহকারি পরিচালক (অর্থ), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগতসহকারী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১৯। নার্সারী তত্ত্বাবধয়ক, হর্টিকালচার সেন্টার, ---------------------------------------------------------- (সকল)
২০। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সরকারী গাড়িচালক সমিতি, শাখা ইউনিট, খামারবাড়ি, ঢাকা।
২১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ১৭- ২০ গ্রেড সরকারী কর্মচারী সমিতি, খামারবাড়ি উপপরিষদ, খামারবাড়ি, ঢাকা।
২২। জনাব ..........................................................................................(সংশ্লিষ্ট)।

সদয় জ্ঞাতার্থেঃ-

১। মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় (দৃষি আকর্ষণ: মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সবিচালয়, ঢাকা)।
২। সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয় (দৃষি আকর্ষণ: সম্মানিত সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সবিচালয়, ঢাকা)।

২০/১১/২০২৩
(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (ভারপ্রাপ্ত)
প্রশাসন ও অর্থ উইং
২০/১১/২০২৩